28 NOV 1992

দৈনিক ইনকিলাব

তারিখ 28 NOV 1992
পৃঃ ৩ কলাম ৩

22

# সরকারী দলের সন্ত্রাসীরা অস্ত্রের জোরে শিক্ষাঙ্গন দখল করে নিচ্ছে
## —শেখ হাসিনা

॥ স্টাফ রিপোর্টার ॥

সংসদে বিরোধী দলীয় নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা শিক্ষাঙ্গনে অব্যাহত সন্ত্রাসে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, সরকারী মদদে এবং প্রশাসনের ছত্রছায়ায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চলছে। সরকার একদিকে সন্ত্রাস দমনের অজুহাতে সন্ত্রাসী আইন জারি করে বিরোধী দলের নেতা-কর্মীদের হয়রানি করছে। অপরদিকে সরকারী দলের সন্ত্রাসীরা অস্ত্রের জোরে শিক্ষাঙ্গন দখল করে নিচ্ছে। সন্ত্রাস আজ সমাজ জীবনের সর্বস্তরে ভয়াবহ

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## শেখ হাসিনা

প্রথম পৃষ্ঠার পর

আকারে ছড়িয়ে পড়ায় নাগরিক জীবন চরমভাবে বিপর্যস্ত। যুব সমাজ বেকারত্বের অভিশাপে জর্জরিত। ছাত্র সমাজের ১০ দফার সাথে সরকার বিশ্বাসঘাতকতা করেছে। বাংলার ছাত্র সমাজ এক উন্নত জীবনের স্বপ্নকে সামনে নিয়ে গণতান্ত্রিক আন্দোলনে ত্যাগ স্বীকার করেছে। ক্ষমতাসীন শাসক গোষ্ঠী ছাত্র সমাজের স্বপ্ন বাস্তবায়নে চরমভাবে ব্যর্থ হয়েছে।

গতকাল সকাল ১১টায় ২৯নং মিন্টো রোডে বিরোধী দলীয় নেত্রীর বাসভবন প্রাঙ্গণে বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার সাথে ঢাকায় প্রবাসী টুংগীপাড়া ছাত্র সমিতির বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে অধ্যয়নরত শতাধিক ছাত্র-ছাত্রী সাক্ষাৎ করতে গেলে তিনি তাদের উদ্দেশ্যে বক্তৃতা করছিলেন।

সাক্ষাতকারের সময় টুংগীপাড়া ছাত্র সমিতির নেতৃবৃন্দ সমিতির কার্যক্রম ভবিষ্যৎ পরিকল্পনা ও বিভিন্ন সমস্যা সভানেত্রীকে অবহিত করেন। শেখ হাসিনা তার ভাষণে বলেন, টুংগীপাড়া শুধু বাংলাদেশের মানুষের নয়, বিশ্বের মানুষের কাছে একটি পরিচিত নাম ও দর্শনীয় স্থান। ছায়া ঘেরা সবুজ শ্যামল এই টুংগীপাড়া জাতির জনক বংগবন্ধু শেখ মুজিবুর রহমানের মতো একজন মহান নেতার জন্ম দিয়ে জগৎ সভায় তার পরিচিতি অর্জন করেছে।

তিনি টুংগীপাড়া ছাত্র সমিতিকে একটি কল্যাণমুখী সংগঠন হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করে বলেন, টুংগীপাড়াকে একটি আদর্শ থানা হিসারে প্রতিষ্ঠার লক্ষ্যে আমার সহযোগিতা অব্যাহত থাকবে। তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে জাতির জনক বংবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের মধ্য দিয়ে বাংলাদেশে শুরু হয় হত্যা, ক্যু ও ষড়যন্ত্রের রাজনীতির পাশা-পাশি মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির অপচেষ্টা। ক্ষমতাসীন মহল মুক্তিযুদ্ধ সম্পর্কে মিথ্যা ও অপপ্রচারের মাধ্যমে নতুন প্রজন্মকে বিভ্রান্ত করার চেষ্টা চালাচ্ছে।